



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক ক্র:বি./তথ্য ও জন./প্র:বি/২০০৯/৬১৩

তারিখ: ০৪/০৮/২০২৫ খ্রি

প্রেস রিলিজ

কুবিতে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের জন্য দোয়া মাহফিল অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ছাত্র-জনতার জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে শহীদদের আত্মার মাগফিরাত এবং আহত যোদ্ধাদের সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। পাশাপাশি ঢাকার মাইলস্টোন স্কুল এন্ড কলেজে বিমান দুর্ঘটনায় নিহত ও আহতদের জন্যও দোয়া করা হয়। আজ (৪ আগস্ট) বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী, বিজয়-২৪ হলের প্রভোস্ট ও দোয়া মাহফিল আয়োজন উপ-কমিটির আহ্বায়ক ড. মোহাম্মদ মাহমুদুল হাছান খান সহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

শহীদদের আত্মত্যাগ ও সংগ্রামের কথা স্মরণ করে মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী বলেন, জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে শহীদদের আত্মত্যাগ ও সংগ্রাম জাতির ইতিহাসে এক গৌরবময় অধ্যায়। তাদের রক্তে লেখা এই ইতিহাস চিরকাল বাঙালির প্রেরণার উৎস হয়ে থাকবে। আবু সাঈদ, মীর মুফ্ত, আমাদের বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবদুল কাইয়ুম সহ ছাত্র-জনতা, নারী, শিশু-বৃদ্ধ যারা শহীদ হয়েছেন তাদের আত্মার মাগফিরাত কামনায় আমরা দোয়া করবো, যারা আহত হয়েছেন তাদের দ্রুত আরোগ্য লাভে আমরা দোয়া করবো। ঢাকার মাইলস্টোন স্কুল এন্ড কলেজে বিমান দুর্ঘটনায় নিহত ও আহতদের জন্য আমরা দোয়া করবো। আল্লাহপাক আমাদের দোয়া কবুল করুক।

তিনি আরও বলেন, বাংলাদেশের ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ এবং উন্নত সমাজ গড়তে আমাদের সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। জাতির উন্নয়নে শিক্ষার পাশাপাশি নৈতিকতা এবং সামাজিক মূল্যবোধের গুরুত্ব অপরিসীম।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি